

Times Today BD

ক্যাম্পাস | 24 April, 2025

২০০৮ সালের নির্বাচনও ষড়যন্ত্রমূলক নির্বাচন ছিল বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা রফিকুল ইসলাম খান। বৃহস্পতিবার (২৪ এপ্রিল) দুপুরে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) জুবেরি ভবনে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এসব কথা বলেন তিনি।

জাতীয় নির্বাচন বিষয়ে জানতে চাইলে মাওলানা রফিকুল ইসলাম খান বলেন, জামায়াতে ইসলামী বহুদিন ধরে বলে আসছে যে, বাংলাদেশের মানুষ দীর্ঘদিন ধরে ভোটাধিকার প্রয়োগ করতে পারেন নাই, তাদের অধিকার ফিরিয়ে দেওয়ার হোক। ২০০৮ সালের নির্বাচনও ষড়যন্ত্রমূলক নির্বাচন ছিল। এরপর ২০১৪, ২০১৮, ২০২৪ সালের নির্বাচনগুলোতে মানুষকে ভোট দিতে দেওয়া হয় নাই। আমরা আগে থেকেই বলে এসেছি, অতি দ্রুত সংস্কার করে, আগে স্থানীয় সরকার নির্বাচন ও পরে জাতীয় নির্বাচন দিতে হবে। আমরা এই জায়গায় এখনো বহাল আছি। আপনারা ইতোমধ্যে শুনেছেন, ড. মুহাম্মদ ইউনুস বলেছেন, সংস্কার ছাড়া হলে ডিসেম্বরের মধ্যে এবং সংস্কার করে হলে জুনের মধ্যেই নির্বাচন হবে।

তিনি আরও বলেন, আমরা আগে থেকেই বলে এসেছি, সংস্কার করতে হবে এবং জুলাই বিপ্লবে গণহত্যাকারীদের বিচার করতে হবে। এটা হচ্ছে জাতির সবচেয়ে বড় ডিম্বাণ্ড। আমাদের আমির সাহেব বলেছেন, জুন মাসে নির্বাচনের পরিস্থিতি থাকে না। তখন বর্ষা এবং বন্যা দু'টোই থাকে। প্রকৃতিগতভাবে ওই সময় নির্বাচনের সুযোগ থাকবে না। আমাদের আমির সাহেব লালমনিরহাটে বলেছেন, বাংলাদেশে গণহত্যার বিচার এবং সংস্কার ছাড়া কোনভাবেই নির্বাচন জনগণ মানবে না। আপনারা এটা বলতে পারেন, আমরা আগে কেন স্থানীয় নির্বাচন চাচ্ছি। আপনারা যদি লক্ষ্য করেন তাহলে দেখবেন, কোনো রাজনৈতিক দলের আড়ারে কখনোই ফেয়ার নির্বাচন হয় নাই।

এসময় অন্যদের মধ্যে ঢাকা মহানগর দক্ষিণ জামায়াতে ইসলামীর আমির নুরুল ইসলাম বুলবুল, সেক্রেটারি জেনারেল শফিকুল ইসলাম মাসুদ, রাজশাহী মহানগর জামায়াতের সাধারণ সম্পাদক এমাজউদ্দীন মন্ডল, ঢাকা মহানগর দক্ষিণ জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল দেলোয়ার হোসেন উপস্থিত ছিলেন।

নির্বাচন ষড়যন্ত্র বাংলাদেশ জামায়াতে ইসলামী জাতীয় নির্বাচন